UNIT 03

# Commands, Instructions, Requests, and Numbers

[কমান্‌ড্‌স্‌, ইন্‌স্ট্রাক্‌শন্‌স্‌, রিকোএস্টস্‌, আন্‌ড্‌ নামবা(র)স্‌]

আদেশ, নির্দেশ, অনুরোধ, এবং সংখ্যাসমূহ

Unit-03 LESSON-01

## Simple commands, and numbers

[সিম্‌প্‌ল্‌ কমান্‌ড্‌স্‌, আন্‌ড্‌ নাম্বা(র্‌)স্‌] – সাধারণ আদেশ এবং সংখ্যাসমূহ

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা সাধারণ আদেশ এবং সংখ্যা শিখতে পারবে।

Activity A-তে শিক্ষক একটি খেলা খেলাবেন। খেলায় শিক্ষকের নির্দেশনা অনুসরণ করে শিক্ষার্থীরা এটা সেটা করবে। Activity B-তে তিনি অনুশীলন ক্লাসে শোনা আদেশগুলোর তালিকা করতে বলবেন। Activity C-তে তিনি ছবি দেখিয়ে সটান অবস্থান বুঝাবেন। Activity D-তে শিক্ষক বলবেন অন্য কী আদেশ তাদের দেওয়া হয়। Activity E-তে ছবি দেখে আদেশগুলো সম্পূর্ণ করতে বলবেন। তারপর জোড়ায় ভাগ হয়ে আদেশ দিতে এবং অনুসরণ করতে বলবেন।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারব–

- Carrying out commands, instructions and requests in everyday life with appropriate gesture (দৈনন্দিন জীবনে যথাযথ অঙ্গভঙ্গির মাধ্যমে আদেশ, নির্দেশ এবং অনুরোধ পালন করা)
- Participating in 'Do this/Do that' game ('Do this/Do that' খেলায় অংশগ্রহণ করা)
- Giving and following breathing exercise commands (শ্বাসক্রিয়া ব্যায়াম আদেশ দেওয়া এবং অনুসরণ করা)

## VOCABULARY (ভক্যাবিউলারি)– শব্দভাণ্ডার

| Key Words | Meanings/Synonyms/Opposites | Example Sentence |
|---|---|---|
| **apart** (আপা:ট)*adv.* ~দূরে, তফাতে, ব্যবধানে | *separated by a space or period of time* SYN **separated** – পৃথক | They went apart to discuss the matter. (বিষয়টি আলোচনা করার জন্য তারা তফাতে ছিলেন।) |
| **arm** (আ:ম)*n.*~বাহু | *the long part at each side of human body* SYN **limb** – বাহু | He is a left arm bowler. (সে একজন বাঁহাতি বোলার।) |
| **attention** (এ্যাটেন্‌শন্‌)*n./int.* ~সোজা দাঁড়ানো | *being sraight and upright* | Attention! Listen to me carefully. (সোজা হয়ে দাঁড়াও। আমার কথা মনোযোগ সহকারে শোনো।) |
| **back** (ব্যাক)*n.*~পিঠ | *the part of body from shoulders to bottom* | The boy set a tattao on his back. (ছেলেটি তার পিঠে একটা ট্যাটু লাগিয়েছে।) |
| **body** (বডি)*n.*~শরীর | *the whole physical structure of a person or animal* SYN **physique** – শরীর | I feel severe pain in my body. (আমি শরীরে ভীষণ ব্যথা অনুভব করছি।) |
| **breath** (ব্রেথ)*n.* ~শ্বাস-প্রশ্বাস, নিঃশ্বাস | *the air that comes out of lungs* SYN **exhalation** – নিঃশ্বাস | We take oxygen through our breath. (আমরা শ্বাস-প্রশ্বাসের মাধ্যমে অক্সিজেন গ্রহণ করি।) |
| **chest** (চেস্‌ট)*n.* ~বুক, বক্ষদেশ | *the front of body between neck and waist* SYN **upper body** – শরীরের উপরের অংশ | He has a pain in his chest. (তার বুকে ব্যথা আছে।) |
| **command** (কমান্‌ড্‌)*n.* ~আদেশ | *an order to do something* SYN **order** – আদেশ | Obey the captain's commands. (দলপতির আদেশ মেনে চলো।) |
| **do** (ডু)*v.*~করা | *to perform an action or job* SYN **perform** – সম্পাদন করা | Do the sum at once. (এখনি অংকটি করো।) |
| **downward** (ডাউনওয়া:ড)*adv.* ~নিচের দিকে | *towards a lower place or level* SYN **down** – নিচে | We had to walk downward while passing the embankment. (বাঁধটা পার হওয়ার সময় আমাদেরকে নিচের দিকে হাঁটতে হয়েছিলো।) |

| Key Words | Meanings/Synonyms/Opposites | Example Sentence |
|---|---|---|
| **exercise** \|একসা(র)সাইজ\|*n.* ~অনুশীলন, ব্যায়াম | *physical activity that one does to make the body strong and healthy* SYN **workout** – অনুশীলন | Physical <u>exercise</u> is good for health. (শারীরিক ব্যায়াম স্বাস্থ্যের জন্য ভালো।) |
| **face** (ফেইস)*v.* ~চিত করা, মুখ রাখা | *to be or turn in a particular direction* SYN **confront** – মুখোমুখি হওয়া | Our house <u>faces</u> the south. (আমাদের বাড়িটা দক্ষিণমুখী।) |
| **feet** (ফীট)*n.*~পায়ের পাতা | *flat parts on the ends of our legs* SYN **bottoms** – তলদেশ | My <u>feet</u> are aching. (আমার পায়ে ব্যথা পাচ্ছি।) |
| **finger** \|ফিংগা(র)\|*n.*~আঙুল | *one of the five, long, separate parts of the end of hand* | Show me your <u>fingers</u>. (তোমার হাতের আঙুল দেখাও।) |
| **follow** (ফলৌ)*v.* ~অনুসরণ করা, মেনে চলা | *to do what the rules, orders, say what one should do* SYN **obey** – মান্য করা | We should <u>follow</u> our parents' advice. (আমাদের উচিত আমাদের বাবা-মায়ের উপদেশ মেনে চলা।) |
| **forward** (ফো:ওয়াড)*adv.* ~সম্মুখে, সামনের দিকে | *towards the direction that exists in front* SYN **ahead** – সামনের দিকে | We should look <u>forward</u> now. (আমাদের এখন সামনের দিকে তাকানো উচিত।) |
| **front** (ফ্রন্ট)*n.* ~সম্মুখভাগ, সামনের দিক | *the position just facing someone* SYN **fore** – সামনের দিক | There is a banyan tree in <u>front</u> of our classroom. (আমাদের শ্রেণিকক্ষের সামনে একটি বটগাছ আছে।) |
| **hand** (হ্যান্ড)*n.*~হাত | *the part of one's arm that has fingers* | I have no time at <u>hand</u>. (আমার হাতে সময় নেই।) |
| **head** (হেড)*n.*~মাথা | *the part of body above one's neck that contains brain, eyes, ears, mouth, nose, etc* SYN **skull** – মাথার খুলি | The <u>head</u> of a cow is not round. (গরুর মাথা গোলাকার হয় না।) |
| **hear** \|হিআ(র)\|*v.*~শোনা | *to receive a sound using one's ear* SYN **listen** – শোনা | I can't hear you. (আমি তোমাকে শুনতে পাচ্ছি না।) |
| **heel** (হীল)*n.*~গোড়ালি | *the back part of foot* | I have a pain on the <u>heel</u>. (আমার গোড়ালিতে ব্যথা আছে।) |
| **hip** (হিপ্)*n.*~কোমর | *part of one's body above legs and below the waist* SYN **pelvis** – কোমর | I feel pain in the <u>hip</u>. (আমি কোমরে ব্যথা অনুভব করছি।) |
| **instruction** (ইন্সট্রাক্শন্)*n.* ~নির্দেশনা | *something that one has been told to do* SYN **direction** – নির্দেশনা | Follow the <u>instructions</u> of your teacher. (তোমার শিক্ষকের নির্দেশনা অনুসরণ করো।) |
| **keep** (কীপ্)*v.*~রাখা | *to be in a particular condition, or position* SYN **stay** – মজুদ রাখা | We all should <u>keep</u> our promises. (আমাদের সবার উচিত প্রতিশ্রুতি রক্ষা করা।) |
| **knee** (নী)*n.*~হাঁটু | *the middle part of one's leg where it bends* | Mashrafee had several <u>knee</u> injuries. (মাশরাফির হাঁটুতে বেশ কয়েকটি আঘাত ছিলো।) |
| **lower** \|লোয়া(র)\|*adv.* ~নিম্নতর স্থানে | *in a low position* SYN **under** – নিচে | Feet are <u>lower</u> parts of our body. (পায়ের পাতা আমাদের শরীরের নিম্নতর অংশ।) |
| **mouth** (মাউথ)*n.* ~মুখ, মুখগহ্বর | *the part of the face that is used for eating and speaking* | Wash your <u>mouth</u> before and after eating. (খাওয়ার আগে ও পরে মুখ ধৌত করো।) |
| **outward** (আউটওয়া:ড)*adv.* ~বাইরের দিকে | *towards the outside or away from the centre* OPP **inward** – ভিতরের দিকে | Why are you looking <u>outward</u>? (তুমি বাইরের দিকে তাকাচ্ছ কেন?) |
| **palm** (পা:ম)*n.*~হাতের তালু | *the inside surface of the hand* SYN **hand** – হাত | The girl uses henna on her <u>palm</u>. (মেয়েটি তার হাতের তালুতে মেহেদি ব্যবহার করেছে।) |
| **picture** \|পিক্চা(র)\|*n.* ~চিত্র বা ছবি | *a painting or portrait* SYN **image** – চিত্র | The <u>picture</u> is so lively. (ছবিটা খুবই প্রাণবন্ত।) |
| **place** (প্লেইস)*v.* ~স্থাপন করা, রাখা | *to put something somewhere* SYN **set** – স্থাপন করা | We <u>place</u> flowers on the foot of the Shaheed Minar. (আমরা শহীদ মিনারের পাদদেশে ফুল রাখি।) |

| Key Words | Meanings/Synonyms/Opposites | Example Sentence |
|---|---|---|
| **position** (পজিশন্)*n.* ~অবস্থান | *the way someone is sitting, standing or lying* SYN **placement** – অবস্থান | He stood in the wrong position. (সে ভুল অবস্থানে দাড়িয়েছে।) |
| **raise** (রেইজ)*v.* ~উপরে ওঠানো | *to lift something to a higher position* SYN **lift** – উপরে তোলা | Do not raise your voice in the class. (শ্রেণিকক্ষে তোমাদের কণ্ঠ উঁচু করো না।) |
| **request** (রিকোএস্ট)*n.* ~অনুরোধ | *when one asks for something politely* SYN **appeal** – আবেদন | My mother cannot refuse my request. (আমার মা আমার অনুরোধ প্রত্যাখ্যান করতে পারেন না।) |
| **sideways** (সাইওয়েইজ)*adv.* ~পাশে | *in a direction to the left or right* OPP **straight** – সোজাসুজি | The cattle are grazing sideways. (গবাদি পশুগুলো পাশে ঘাস খাচ্ছে।) |
| **simple** (সিম্পল্)*adj.* ~সহজ, সরল | *not difficult to understand* SYN **easy/plain** – সহজ/সরল | He leads a simple life. (সে সাদাসিধা জীবনযাপন করে।) |
| **still** (স্টিল্)*adj.*~স্থির | *to stay without moving* SYN **motionless** – স্থির/স্থবির | The boy is standing still outside. (বালকটি ঘরের বাইরে স্থির দাঁড়িয়ে আছে।) |
| **straight** (স্ট্রেইট)*adv.* ~সোজা | *in a position that is levelled or vertical* OPP **curved** – বাঁকা | The streets of the city are straight. (এই শহরের রাস্তাগুলো সোজা।) |
| **upright** (আপ্‌রাইট)*adj.* ~খাড়া | *vertical and as straight as possible* SYN **vertical** – খাড়া উপরের দিকে | We went upright to the hill. (আমরা পাহাড়ের দিকে খাড়া গিয়েছিলাম।) |

## Session-31 Textbook Activity A & B

*Session Duration : 45 minutes*
*Textbook Page: 26*

**A Games (গেইম্‌স্)– খেলা : Do this/Do that (ডু দিস্/ডু দ্যাট)– এটা করো/ঐটা করো**



Follow your teacher's instruction and play the game "Do this/Do that". [ফলৌ ইয়ো(র) টীচা(র)স্ ইন্‌স্ট্রাক্‌শন্‌স্ আন্‌ড্ প্লেই দা গেইম "ডু দিস্/ডু দ্যাট্"।]– তোমার শিক্ষকের নির্দেশনা অনুসরণ করো এবং 'এটা করো/ঐটা করো' খেলাটি খেলো।

### Let's Practice ~ এসো অনুশীলন করি

**Answer the following questions. (নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।)**

(a) Where are the woman and the children? (মহিলা এবং ছেলেমেয়েরা কোথায়?)
(b) Who is the woman? (মহিলা কে?)
(c) What is the woman doing? (মহিলা কী করছেন?)
(d) How many students are there in the class? (শ্রেণিতে কয়জন ছাত্রছাত্রী আছে?)

**Ans.**

(a) They are in the classroom. (তাঁরা শ্রেণিকক্ষে।)
(b) She is a teacher. (তিনি একজন শিক্ষিকা।)
(c) She is teaching the children. (তিনি ছেলেমেয়েদের পড়াচ্ছেন।)
(d) There are eight students in the class. (শ্রেণিতে আটজন ছাত্রছাত্রী আছে।)

**B** **In pairs, make a list of the commands you hear in your drill class.**
[ইন পেয়া(র)স্, মেইক আ লিস্ট্ অভ্ দা কমান্‌ড্স্ ইউ হিয়া(র) ইন ইয়ো(র) ড্রিল ক্লা:স্ ।]– জোড়ায় জোড়ায়/যুগ্মভাবে তোমার ড্রিল ক্লাসে/পাঠদানে শোনা আদেশগুলোর একটি তালিকা তৈরি করো।

**Ans.**

**A List of classroom commands** (আ লিস্ট্ অভ্ ক্লা:স্‌রুম কমান্‌ড্স্)– শ্রেণিকক্ষ আদেশের তালিকা :
Stand up./Sit down. (স্ট্যান্‌ড্ আপ/সিট ডাউন)– উঠে দাঁড়াও।/বসো।
Hold up your hands. [হোউল্‌ড্ আপ ইয়ো(র) হ্যান্ড্স্]– হাত মুষ্টিবন্ধ করো।
Show me your book. [শো মী ইয়ো(র) বুক]– তোমার বই দেখাও।
Touch your shoulder. [টাচ্ ইয়ো(র) শোল্‌ডা(র)]– ঘাড়ে হাত দাও। তোমার কাঁধ স্পর্শ করো।
Recite the oath. (রিসাইট দি ওথ্।)– শপথ পাঠ করো।

## Session-32 Textbook Activity C

*Session Duration : 45 minutes*
*Textbook Page: 27*

**C** **Look at the picture below. It shows a student in 'attention' position.**
[লুক অ্যাট দা পিক্‌চা(র) বিলোউ। ইট শোউজ আ স্টুডন্‌ট্ ইন 'অ্যাটেন্‌শ্‌ন্' পজিশ্‌ন্।]– নিচের ছবিটির দিকে তাকাও। এটি একজন ছাত্রের **'attention position'**-এ দাঁড়ানো দেখাচ্ছে।
Listen and repeat the commands given in the box. (লিস্‌ন্ আন্‌ড্ রিপীট্ দা কমান্‌ড্স্ গিভ্‌ন্ ইন দা বক্স।)– বক্সে প্রদত্ত আদেশসমূহ শোনো এবং পুনরায় বলো।



Keep your head upright [কীপ্ ইয়ো(র) হেড্ আপরাইট]– তোমার মাথা সোজা রাখো
Look to the front (লুক টু দা ফ্রন্ট)– সম্মুখে/সামনে তাকাও
Keep your body straight [কীপ ইয়ো(র) বডি স্ট্রেইট]– তোমার শরীর সোজা রাখো
Keep your arms down [কীপ ইয়ো(র) আ:ম্‌স্ ডাউন]– তোমার বাহু নিচে রাখো
Keep your palms facing in [কীপ ইয়ো(র) পামস্ ফেইসিং ইন]– তোমার হাতের তালু সম্মুখে রাখো
Keep your hands and fingers straight [কীপ ইউয়ো(র) হ্যান্‌ড্স্ আন্‌ড্ ফিংগা(র)স স্ট্রেইট] – তোমার হাত ও আঙ্গুল সোজা রাখো
Keep your knees straight [কীপ ইয়ো(র) নীস্ স্ট্রেইট]– তোমার হাটু সোজা রাখো
Keep your heels together [কীপ ইয়ো(র) হীল্‌স্ টুগেদা(র)]– তোমার গোড়ালী একত্রে রাখো



Keep your mouth closed (কীপ ইয়ো(র) মাউথ ক্লোজ্‌ড্)– তোমার মুখ বন্ধ রাখো
Place your hands on lower chest (প্লেইস্ ইয়ো(র) হ্যান্ডস্ অন লোউআ(র) চেস্ট্)– বুকের নিচের দিকে তোমার হাত রাখো
Breath in (ব্রীদ ইন)– নিঃশ্বাস নাও
Breath out (ব্রীদ আউট)– নিঃশ্বাস ছাড়ো
Keep your heels together [কীপ ইয়ো(র) হীল্‌স্ টুগেদা(র)]– তোমার গোড়ালী একত্রে রাখো

## Session-33 Textbook Activity D & E

*Session Duration : 45 minutes*
*Textbook Page: 28, 29*

**D** **What other commands may your drill teacher give you?** [হোঅট আদা(র) কমান্‌ড্স্ মেই ইয়ো(র) ড্রিল টীচা(র) গিভ্ ইউ?]– অন্য কী কী আদেশ তোমার ড্রিল শিক্ষক তোমাকে দিতে পারে?
In pairs, take turns to give and follow the commands that go with the pictures. [ইন পেআ(র)স্, টেইক টা:ন্‌স্ টু গিভ্ আন্‌ড্ ফলোউ দা কমান্‌ড্স্ দ্যাট গোউ উইদ দা পিক্‌চা(র)স্]– যুগ্মভাবে পালা করে ছবির সাথে যায় এমন আদেশ প্রদান করো এবং অনুসরণ করো।

1. Breathing Exercise Commands (ব্রীদিঙ্ ইকসা:সাইজ কমান্ড্স্)– শ্বাস-প্রশ্বাস অনুশীলন আদেশসমূহ



Keep your head still [কীপ ইয়ো(র) হেড্ স্টিল]– তোমার মাথা স্থির রাখো
Face your palms outward [ফেইস্ ইয়ো(র) পা:ম্স্ আউটওয়া:ড্]– তোমার তালু বাইরের দিকে রাখো
Keep your arms forward [কীপ ইয়ো(র) আ:ম্স্ ফ(র)ওয়াড্]– বাহুগুলো সামনে বাড়াও
Keep your arms sideways [কীপ ইয়ো(র) আ:ম্স্ সাইডওয়েইস্]– বাহুগুলো পাশের দিকে রাখো
Keep your arms downward [কীপ ইয়ো(র) আ:ম্স্ ডাউনওয়া:ড্]– বাহুগুলো নিচের দিকে রাখো
Keep your body straight [কীপ ইয়ো(র) বডি স্ট্রেইট]– তোমার শরীর সোজা রাখো
Keep your heels together [কীপ ইয়ো(র) হীল্স্ টুগেদা(র)]– গোড়ালী এক সাথে করো

Exercise 1 (অনুশীলন ১)



Keep your head still [কীপ ইয়ো(র) হেড্ স্টিল]– তোমার মাথা স্থির রাখো
Face your palms outward [ফেইস্ ইয়ো(র) পাম্স্ আউটওয়া:ড]
– হাতের তালুর সম্মুখভাগ বাইরের দিকে রাখো
Keep your arms forward [কীপ ইয়ো(র) আ:ম্স্ ফ(র)ওয়া:ড্] – বাহুগুলো সামনে বাড়াও
Keep your arms sideways [কীপ ইয়ো(র) আ:ম্স্ সাইডওয়েইস্]– বাহুগুলো পাশের দিকে রাখো
Keep your arms downward [কীপ ইয়ো(র) আ:ম্স্ ডাউনওয়াড্]– বাহুগুলো নিচের দিকে রাখো

**E** **Now, complete the commands for the exercises shown in the pictures. Then, in pairs, give and follow the commands.** [নাউ, কাম্প্লীট্ দা কমান্ড্স্ ফ(র) দা ইক্সারসাইজেস শৌন ইন দা পিক্চা(র)স্। দেন, ইন পেয়া(র)স্, গিভ্ আন্ড্ ফলোউ দা কমান্ড্স্।]– এখন, ছবিতে প্রদর্শিত অনুশীলনের জন্য আদেশসমূহ সম্পূর্ণ করো। তারপর যুগ্মভাবে আদেশ প্রদান করো এবং অনুশীলন করো।

Exercise 2 (অনুশীলন ২)



................ ...... your Head upright
Look ................. front
Keep your Back straight
Place your ................. on Hip
..................................
Raise your left ................. forward
Keep your right knee .................
Feet apart ..................

**Ans.**

<u>Keep</u> your Head upright [কীপ্ ইয়ো(র) হেড্ আপরাইট]– তোমার মাথা সোজা রাখো
Look <u>at the</u> front (লুক অ্যাট দা ফ্রন্ট্)– সামনে তাকাও
Keep your Back straight [কীপ ইয়ো(র) ব্যাক স্ট্রেইট]– তোমার পিঠ সোজা রাখো
Place your <u>hands</u> on Hip [প্লেইস্ ইয়ো(র) হ্যান্ড্স্ অন হিপ]– নিতম্বের উপর হাত রাখো
Raise your left <u>leg</u> forward [রেইজ ইয়ো(র) লেফ্ট্ লেগ ফ(র)ওয়া:ড্]– তোমার বাম পা সামনে তোলো
Keep your right knee <u>straight</u> [কীপ ইয়ো(র) রাইট নী স্ট্রেইট]– তোমার ডান হাটু সোজা রাখো
Feet apart <u>from the knee</u> (ফীট আপা:ট ফ্রম দা নী)– পা হাটু থেকে দূরে রাখো

## Let's Practice ~ এসো অনুশীলন করি

▸ **Prepare some instructions that you always need to follow for road safety.** (সড়কে নিরাপত্তার জন্য সর্বদা মেনে চলার কিছু নির্দেশনা প্রস্তুত করো।)

**Ans.**

| Always | Never |
|---|---|
| • Stop, look and cross the road.<br>• Walk on the footpath.<br>• Use zebra crossing. | • Do not rush or run on the road.<br>• Do not push anyone.<br>• Do not get down from a moving bus or school van. |

**Unit-03**
**LESSON-02**

## Following and giving instructions
(ফলোউইঙ্ আন্ড্ গিভিঙ্ ইন্স্ট্রাক্শন্স্) — নির্দেশনা অনুসরণ এবং প্রদান

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা নির্দেশনা দিতে ও মানতে শিখবে।

Activity A-তে শিক্ষক শিক্ষার্থীদের বলবেন তার কাছ থেকে সাধারণ ঘুড়ি বানানো শিখতে এবং ধাপগুলো লিখে রাখতে। Activity B-তে তিনি বলবেন নির্দেশনাগুলো পড়ে দলে ঘুড়িগুলো বানাতে। Activity C-তে শিক্ষার্থীদের বাড়িতে ঘুড়ি বানিয়ে সুন্দরভাবে সাজাতে বলবেন।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারব—

- Understanding simple texts for specific information (সুনির্দিষ্ট তথ্যের জন্য সাধারণ পাঠ্যাংশ বুঝতে পারা)
- Reading out instructions (নির্দেশনা পড়া)
- Following instructions for making a simple kite. (একটি সাধারণ ঘুড়ি বানানোর নির্দেশনা অনুসরণ করা)

## VOCABULARY (ভক্যাব্যিউলারি)— শব্দভান্ডার

| Key Words | Meanings/Synonyms/Opposites | Example Sentence |
|---|---|---|
| **around** (অ্যারাউন্ড)*prep.* ~কাছাকাছি, প্রায় | *used before a number or amount to mean approximately* SYN **about** – প্রায় | Around 100 people were present in the party. (প্রায় ১০০ জন লোক অনুষ্ঠানে উপস্থিত ছিলো।) |
| **brief** (ব্রীফ)*adj.*~সংক্ষিপ্ত | *using a few words only* SYN **concise** – সংক্ষিপ্ত | Tell me the story in brief. (আমাকে গল্পটা সংক্ষেপে বলো।) |
| **bring** (ব্রিঙ)*v.* ~বয়ে আনা, আনয়ন করা | *to carry something to a place or to a person* SYN **carry** – বহন করা | He brings water from the jar. (সে পাত্র থেকে পানি আনলো।) |
| **corner** [কো:না(র)]*n.* ~কোণ, কোণা | *the point or place where two lines, walls or roads meet* SYN **angle/nook** – কোণ/প্রান্ত | The boy sat on the corner of the room. (ছেলেটি কক্ষের কোনায় বসে ছিলো।) |
| **decorate** (ডেকারেইট)*v.* ~সজ্জিত করা | *to make something look more attractive by putting things on it.* SYN **adorn** – সাজানো | We have decorated our house nicely. (আমরা আমাদের বাড়িটা সুন্দরভাবে সাজিয়েছিলাম।) |
| **demonstration** (ডেমান্স্ট্রেইশ্ন্)*n.*~প্রদর্শন | *showing how to do something or how something works* SYN **display** – প্রদর্শন | Our classteacher arranges the demostration of our creativity. (আমাদের শ্রেণিশিক্ষক আমাদের সৃজনশীলতা প্রদর্শনের আয়োজন করেন।) |
| **end** (এন্ড্)*n.* ~প্রান্ত, সীমা, সমাপ্তি | *the furthest part of something* SYN **border** – প্রান্ত | I watched the match till the end. (আমি শেষ পর্যন্ত ম্যাচটা দেখেছিলাম।) |
| **festival** (ফেস্টিভল)*n.*~উৎসব | *a special day or period when people celebrate something* SYN **celebration** – উৎসব | Eid is our biggest festival. (ঈদ আমাদের সবচেয়ে বড় উৎসব।) |
| **fold** (ফৌল্ড্)*v.*~ভাঁজ করা | *to bend paper, cloth etc. so that one part of it lies on top of another* .............. | Don't fold the paper. (কাগজটা ভাঁজ করো না।) |
| **half** (হাফ)*n.*~আধা, অর্ধেক | *one of two equal parts of something* SYN **semi** – অর্ধেক | The half of the bread is enough for me. (রুটিটার অর্ধেকই আমার জন্য যথেষ্ট।) |
| **hold** (হোল্ড)*v.*~ধরা | *to have something in one's hand* SYN **grasp** – ধরা | I requested him to hold my hand. (আমি তাকে আমার হাতটা ধরার অনুরোধ করেছিলাম।) |
| **hole** (হৌল)*n.*~ফুটো | *a hollow space in something* SYN **pit** – গর্ত | There is a hole in the wall. (দেয়ালে একটি গর্ত/ছিদ্র আছে।) |
| **kite** (কাইট)*n.*~ঘুড়ি, ঘুড্ডি | *a toy thing made of paper or cloth that flies in the air* | I like flying kites. (আমি ঘুড়ি ওড়াতে পছন্দ করি।) |
| **major** (মেইজার্)*adj.* ~প্রধান, মুখ্য | *more important or more serious* SYN **significant** – গুরুত্বপূর্ণ | His illness is the major reason for his failure. (তার অসুস্থতা তার ব্যর্থতার প্রধান কারণ।) |

| Key Words | Meanings/Synonyms/Opposites | Example Sentence |
|---|---|---|
| **opposite** (অপজিট্)*adj.* ~বিপরীত, উল্টোদিকের | *completely different* **SYN contrary** – বিপরীতে | My uncle's house is opposite to ours. (আমার চাচার বাড়ি আমাদের বাড়ির বিপরীতে।) |
| **organize** (ও:গানাইজ)*v.* ~আয়োজন করা | *to plan or arrange something* **SYN arrange** – ব্যবস্থা করা | Our school has organized a science fair. (আমাদের বিদ্যালয় একটি বিজ্ঞান মেলার আয়োজন করেছে।) |
| **own** (ঔন)*adj.*~নিজের | *belonging to a particular person* **SYN private/personal** – ব্যক্তিগত/নিজস্ব | I have my own car. (আমার নিজের গাড়ি আছে।) |
| **paint** (পেইন্ট)*v.*~রং করা | *to colour something* **SYN color** – রঙ করা | We painted our classroom colourfully. (আমরা আমাদের শ্রেণিকক্ষ বর্ণিলভাবে রং করেছিলাম।) |
| **punch** (পাঞ্চ)*n.* ~ফুটো করার যন্ত্র | *a piece of equipment that makes a hole in something* | I bought a punch yesterday. (আমি গতকাল একটি ছিদ্র করার যন্ত্র কিনলাম।) |
| **put** (পুট)*v.* ~(উপরে) রাখা, দেওয়া | *to move something to a place or position* **SYN place** – স্থাপন করা | She put the books on the table. (সে বইগুলো টেবিলের ওপর রাখলো।) |
| **side** (সাইড)*n.*~দিক, পাশ | *the area next to something* **SYN edge** – কিনারা/পাশ | A coin has two sides. (একটি পয়সার দুটি পার্শ্ব আছে।) |
| **small** (স্মো:ল)*adj.*~ছোট | *little in size or amount* **SYN tiny** – ক্ষুদ্র | I live in a small village. (আমি ছোট একটি গ্রামে বাস করি।) |
| **staple** (স্টেইপ্ল্)*v.* ~আটকে/বেঁধে ফেলা | *to join pieces of paper together* **SYN fasten** – বাঁধা | He stapled the papers. (সে কাগজগুলো গেঁথে ফেললো।) |
| **step** (স্টেপ)*n.*~ধাপ, পদ্ধতি | *a measure or action, taken to achieve something* **SYN pace** – পদক্ষেপ, গতি | There are eight steps to make a kite. (ঘুড়ি বানাতে ৮টি ধাপ আছে।) |
| **string** (স্ট্রিঙ)*n.* ~সুতা, রশি, দড়ি | *a piece of strong, thin rope* **SYN thread** – সুতা | String is needed for sewing. (সেলাই করার জন্য সুতার প্রয়োজন।) |
| **tail** (টেইল্)*n.*~লেজ | *the long, narrow part that sticks out at the back* **SYN appendage** – লেজ | A cow has a long tail. (গরুর একটি লম্বা লেজ আছে।) |
| **take** (টেইক্)*v.* ~গ্রহণ করা, নেওয়া | *to get and carry something with* **SYN seize** – নেওয়া | My mother takes me to school. (আমার মা আমাকে বিদ্যালয়ে নিয়ে যান।) |
| **thread** (থ্রেড)*v.*~গাঁথা (সুঁচে সুতা গাঁথা) | *to move through something* **SYN intertwine** – গাঁথা | The doctor threads a string through his vein. (ডাক্তার তার শিরার মধ্য দিয়ে একটি তার প্রবেশ করলো।) |
| **tie** (টাই)*v.*~বাঁধা | *to fasten/ attach something with string, rope, etc* **SYN fasten** – বাঁধা | I tied the sticks together with a rope. (আমি লাঠিগুলোকে দড়ি দিয়ে একসাথে বেঁধেছিলাম।) |
| **wave** (ওয়েইভ)*v.* ~নাড়ানো, আন্দোলিত হওয়া | *to raise one's hand and move it from side to side* **SYN stir** – নাড়ানো | My father waved his head to see me off. (আমাকে বিদায় জানাতে আমার বাবা তার মাথা নাড়লেন।) |

## Session-34 ② Textbook Activity A, B & C

*Session Duration : 45 minutes*
*Textbook Page: 30, 31*

**A** **Follow your teacher's demonstration of how to make a simple kite. In your notebook take a brief note of the major steps shown by your teacher.** [ফলোউ ইয়ো(র) টীচা(র)স্ ডেমান্স্ট্রেইশন্ অভ্ হাউ টু মেইক আ সিম্প্ল্ কাইট। ইন ইয়ো(র) নোটবুক টেইক আ ব্রীফ নোট অভ্ দা মেইজা(র) স্টেপ্স্ শোন বাই ইয়ো(র) টীচা(র)]– তোমার শিক্ষকের নির্দেশনা অনুসরণ করো কীভাবে একটি সাধারণ ঘুড়ি তৈরি করা যায়। তোমার নোটবুকে তোমার শিক্ষকের দেখানো প্রধান ধাপসমূহের একটি সংক্ষিপ্ত নোট নাও।

**Ans.** নিচের Activity-B অনুসরণ করে নিজে করো।

**B** **Read the instructions on how to make a simple kite. In small groups one reads out the instructions and the others follow them to make the kite.** [রীড্ দা ইন্সট্রাক্শন্স্ অন্ হাউ টু মেইক আ সিম্পল্ কাইট। ইন্ স্মো:ল গ্রুপ্স্ ওআন্ রীড্স্ আউট দা ইনস্ট্রাক্শন্স্ আন্ড্ দি আদা(র)স্ ফলোউ দেম টু মেইক দা কাইট।]– কীভাবে একটি সাধারণ ঘুড়ি তৈরি করতে হয় সে নির্দেশনাগুলো পড়ো। ছোট ছোট দল থেকে একজন করে নির্দেশনাগুলো পড়ো এবং অন্যরা ঘুড়ি তৈরি করতে তাদের অনুসরণ করো।

**Instructions for making a simple kite. [ইন্সট্রাক্শন্স্ ফ(র) মেইকিং আ সিম্প্ল্ কাইট।]– একটি সাধারণ ঘুড়ি তৈরির জন্য নির্দেশনাবলি।**



1) Fold your A4 paper in half (like you are folding a card). [ফোউল্ড্ ইয়ো(র) এ-ফো(র) পেইপা(র) ইন হাফ (লাইক ইউ আ(র) ফোউলডিং আ কা:ড)]– A4 কাগজ অর্ধেক ভাঁজ (যেন তুমি একটি কার্ড ভাঁজ করছো) করো।
2) Take the top corner and place it on the opposite side. [টেইক দা টপ কো:না(র) আন্ড্ প্লেইস ইট অন দা অপজিট সাইড্।]– উপরের প্রান্ত নাও এবং বিপরীত প্রান্তের উপর রাখো।
3) Do the same on the other side. (ডু দা সেইম অন দি আদা(র) সাইড।)– অন্য পাশেও একই কাজ করো।



4) Staple them in place. (স্ট্যাপ্ল্ দেম ইন প্লেইস।)– যথাস্থানে এগুলোকে স্ট্যাপল করো (জোড়া লাগাও)।
5) Make a tail for your kite. [মেইক আ টেইল ফ(র) ইয়ো(র) কাইট।]– তোমার ঘুড়ির জন্য একটি লেজ তৈরি করো।



6) Put a hole punch around 1-2 cm from the staple. (পুট আ হোউল পাঞ্চ আরাউন্ড্ ওয়ান টু টু সে.মি. ফ্রম দা স্ট্যাপ্ল্।)– স্ট্যাপলের ১-২ সে.মি-এর কাছাকাছি একটি ছিদ্র করো।
7) Thread the string through the hole and tie in place. (থ্রেড্ দা স্ট্রিঙ্ থ্রু দা হোউল আন্ড্ টাই ইন প্লেইস।)– ছিদ্রের মধ্য দিয়ে সুতা পরাও এবং যথাস্থানে বাঁধো।



8) Hold the end of the string and wave it around to fly it! (হোল্ড দি এন্ড্ অভ্ দা স্ট্রিঙ্ আন্ড্ ওয়েইভ্ ইট আরাউন্ড্ টু ফ্লাই ইট!)– সূতার শেষ প্রান্ত ধরো এবং উড়ানোর জন্য ধরে নাড়াচাড়া করো।

**C** **Project** (প্রোজেক্ট)– **প্রকল্প :**

**Use the instructions given in the box above to make your own kite at home. You may decorate your kite with coloured papers, stickers and paint. You may use one of the following samples for decorating your kite.** [ইউস্ দি ইন্সট্রাক্শন্স্ গিভ্ন্ ইন দা বক্স আবাভ টু মেইক ইয়ো(র) ওউন কাইট অ্যাট হোউম। ইউ মেই ডেকোরেইট ইয়ো(র) কাইট উইদ কালা(র)ড্ পেইপা(র)স্, স্টিকা(র)স্ আন্ড্ পেইন্ট্। ইউ মেই ইউস্ ওয়ান্ অভ্ দা ফলোউইং স্যাম্প্ল্স্ ফ(র) ডেকোরেইটিং ইয়ো(র) কাইট।]– বাড়িতে তোমার নিজের ঘুড়ি বানাতে উপরের বক্সে দেওয়া নির্দেশনাগুলো ব্যবহার করো। তুমি তোমার ঘুড়িকে রঙিন কাগজ, স্টিকার এবং রং করে সাজাতে পারো। তুমি তোমার ঘুড়ি সাজাতে নিচের নমুনাগুলো ব্যবহার করতে পারো।

Bring your kite to the class on the day fixed by your teacher. Your school/class may organise a "Kite Festival" with all the kites made by you. (ব্রিঙ্ ইয়ো(র) কাইট টু দা ক্লা:স্ অন দা ডেই ফিক্স্ড্ বাই ইয়ো(র) টীচা(র)। ইয়ো(র) স্কুল/ক্লা:স মেই ও:গানাইজ আ "কাইট ফেসটিভ্ল্" উইদ ও:ল দা কাইটস্ মেইড্ বাই ইউ।)– তোমার শিক্ষক কর্তৃক নির্ধারিত দিনে শ্রেণিতে তোমার ঘুড়ি আনো। তোমার বিদ্যালয়/শ্রেণি তোমাদের তৈরিকৃত সকল ঘুড়ি দ্বারা একটি "ঘুড়ি উৎসব"-এর আয়োজন করতে পারে।.



| Unit-03<br>LESSON-03 | Rhyme<br>(রাইম্) – ছড়া |
|---|---|

## পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলন করে শিক্ষার্থীরা ছড়ার মাধ্যমে শিখবে। **Activity A**-তে শিক্ষক শিক্ষার্থীদের ছড়াটি শুনে তার সাথে আবৃত্তি করতে বলবেন। **Activity B**-তে ছড়ার প্রতিটি নির্দেশনা শুনে জোড়ায় প্রশ্নোত্তর করতে বলবেন। এছাড়া can ব্যবহার করে প্রশ্ন তৈরি করতে শেখাবেন।

## অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারব–

- Listening to and comprehending rhymes (ছড়া শোনা এবং বুঝতে পারা।)
- Reciting the rhyme aloud (উচ্চস্বরে ছড়া আবৃত্তি করা)
- Asking and answering questions (প্রশ্ন জিজ্ঞাসা করা এবং উত্তর প্রদান করা)
- Comprehending the pictures and following the instructions (ছবিগুলো উপলব্ধি করা এবং নির্দেশনা অনুসরণ করা)

## VOCABULARY (ভক্যাবিউলারি)– শব্দভাণ্ডার

| Key Words | Meanings/Synonyms/Opposites | Example Sentence |
|---|---|---|
| **clap** (ক্ল্যাপ)*v.* ~করতালি দেওয়া | *to hit one's hands together, often repeatedly* SYN **applaud** – হাততালি দেওয়া | The audience clapped their hands. (দর্শকরা হাততালি দিলো।) |
| **high** (হাই)*adj.*~উঁচু | *at or to a large distance above the ground* SYN **elevated** – উঁচু | My uncle is expert in high jump. (আমার চাচা উচ্চলাফে পারদর্শী।) |
| **move** (মুভ)*v.*~নাড়ানো | *to change place or position* SYN **shift** – স্থানান্তর করা | Don't move the machine. (যন্ত্রটা নাড়িও না।) |
| **open** (ওউপান)*v.* ~খোলা, খুলে দেওয়া | *to make something change to a position that is not closed* SYN **unfold** – খুলে দেওয়া | Please open the window. (দয়া করে জানালাটা খুলে দাও।) |
| **repeat** (রিপীট্)*v.* ~পুনরায় বলা | *to say or do something more than once* SYN **reiterate** – আবার বলা | The child repeated the rhyme. (শিশুটি ছড়াটা পুনরায় বলল।) |
| **request** (রিকোয়েস্ট)*v.* ~অনুরোধ করা | *to politely or officially ask for something* SYN **appeal** – আবেদন করা | My friend requested me to play with him. (আমার বন্ধু আমাকে তার সাথে খেলার অনুরোধ করল।) |
| **seat** (সীট)*n.* ~আসন, বসার স্থান | *something that one sits on* SYN **space** – জায়গা | Take your seat, please. (অনুগ্রহ-পূর্বক আপনার আসন গ্রহণ করুন।) |
| **stamp** (স্ট্যাম্প)*v.* ~সজোরে পা ঠোকা | *to put one's foot down on the ground hard and quickly* | The boy stamped on the floor in anger. (ছেলেটি রাগে মেঝের ওপর পা ঠুকেছিলো।) |
| **stretch** (স্ট্রেচ)*v.* ~প্রসারিত করা | *to make part of one's body straighter and longer* SYN **expand** – প্রসারিত করা | Even a child stretches its hand to the moon. (একটা শিশুও চাঁদের দিকে হাত বাড়ায়।) |
| **structure** (স্ট্রাকচা(র))*n.* ~গঠন প্রণালি | *the way that parts of something are arranged or put together* SYN **framework** – কাঠামো | The structure of the statue is excellent. (এই প্রাসাদটির গঠনশৈলী খুবই চমৎকার।) |

| Key Words | Meanings/Synonyms/Opposites | Example Sentence |
|---|---|---|
| **toe** (টো)*n.*~পায়ের আঙুল | *one of the five separate parts at the end of one's foot* SYN **foot** – পা | I have severe pain on the <u>toe</u>. (আমার পায়ের আঙুলে ভীষণ ব্যথা।) |
| **touch** (টাচ)*v.*~স্পর্শ করা | *to put one's hand on something* SYN **contact** – স্পর্শ করা | Never <u>touch</u> an electric wear. (কখনো বিদ্যুতের তার স্পর্শ করো না।) |
| **turn around** (টা:ন আরাউন্ড)*v.phr.* ~ঘোরা | *to move soemthing round so that it faces a differnet direction* SYN **rotate** – ঘোরা | The man <u>turned around</u> to find his companion. (তার সঙ্গিকে খুঁজে পেতে লোকটি ঘুরে দাঁড়ালো।) |

## Session-35 | Textbook Activity A

*Session Duration : 45 minutes*
*Textbook Page: 32*

**A** **Listen to the poem and repeat after your teacher.** [লিস্‌ন্ টু দা পোইম আন্‌ড্ রিপীট আফ্‌টা(র্) ইয়ো(র্) টীচা(র্)]– ছড়াটি শোনো এবং তোমার শিক্ষকের পরে পুনরাবৃত্তি করো।



Hello, hello.
Can you clap your hands?
Hello, hello.
Can you clap your hands?

Can you stretch up high?
Can you touch your toes?
Can you turn around?
Can you say, " Hello"?

Hello, hello.
Can you stamp your feet?
Hello, hello.
Can you stamp your feet?

Can you stretch up high?
Can you touch your toes?
Can you turn around?
Can you say, " Hello"?

Hello, hello.
Can you clap your hands?
Hello, hello.
Can you stamp your feet?

| Hello Hello! | হালোউ হালোউ! | হ্যালো, হ্যালো! |
|---|---|---|
| Hello, hello. | হালোউ, হালোউ। | হ্যালো, হ্যালো। |
| Can you clap your hands? | কান ইউ ক্লাপ ইয়ো(র্) হ্যান্ড্‌স্? | তুমি কি হাততালি দিতে পারো? |
| Hello, hello. | হালোউ, হালোউ। | হ্যালো, হ্যালো। |
| Can you clap your hands? | কান ইউ ক্লাপ ইয়ো(র্) হ্যান্ড্‌স্? | তুমি কি হাততালি দিতে পারো? |

| Hello Hello! | হালোউ হালোউ। | হ্যালো, হ্যালো! |
|---|---|---|
| Can you stretch up high? | কান ইউ স্ট্রেচ আপ হাই? | তুমি কি হাত উপরে তুলতে পারো? |
| Can you touch your toes? | কান ইউ টাচ্ ইয়ো(র) টো:স্? | তুমি কি তোমার পায়ের আঙ্গুল স্পর্শ করতে পারো? |
| Can you turn around? | কান ইউ টা:ন আরাউন্ড্? | তুমি কি ঘুরে দাঁড়াতে পারো? |
| Can you say, "Hello"? | কান ইউ সেই, "হালোউ"? | তুমি কি 'হ্যালো' বলতে পারো? |
| Hello, hello. | হালোউ, হালোউ। | হ্যালো, হ্যালো। |
| Can you stamp your feet? | কান ইউ স্ট্যাম্প ইয়ো(র) ফীট? | তুমি কি পদাঘাত করতে পারো? |
| Hello, hello. | হালোউ, হালোউ। | হ্যালো, হ্যালো। |
| Can you stamp your feet? | কান ইউ স্ট্যাম্প্ ইয়ো(র) ফীট? | তুমি কি পদাঘাত করতে পারো? |
| Can you stretch up high? | কান ইউ স্ট্রেচ আপ হাই? | তুমি কি হাত উপরে তুলতে পারো? |
| Can you touch your toes? | কান ইউ টাচ্ ইয়ো(র) টৌস্? | তুমি কি তোমার পায়ের আঙ্গুল স্পর্শ করতে পারো? |
| Can you turn around? | কান ইউ টা:ন আরাউন্ড্? | তুমি কি ঘুরে দাঁড়াতে পারো? |
| Can you say, "Hello"? | কান ইউ সেই, "হালোউ?" | তুমি কি 'হ্যালো' বলতে পারো? |
| Hello, hello. | হালোউ, হালোউ। | হ্যালো, হ্যালো। |
| Can you clap your hands? | কান ইউ ক্ল্যাপ ইয়ো(র) হ্যান্ড্স্? | তুমি কি হাততালি দিতে পারো? |
| Hello, hello. | হালোউ, হালোউ। | হ্যালো, হ্যালো। |
| Can you stamp your feet? | কান ইউ স্ট্যাম্প্ ইয়ো(র) ফীট? | তুমি কি পদাঘাত করতে পারো? |

## Session-36 (2) Textbook Activity B

*Session Duration : 45 minutes*
*Textbook Page: 33*

**B Listen to each instruction given in the poem. In pairs ask and answer following the question.**
(লিসন্ টু ঈচ্ ইনস্ট্রাকশন্ গিভ্ন্ ইন দা পোইম। ইন পেয়া(র)স্ আ:স্ক্ আন্ড্ আনসা(র) ফলোইং দা কুএশ্চন্।)
– কবিতায় প্রদত্ত প্রতিটি নির্দেশনা শোনো। জোড়ায় জোড়ায় নিচের প্রশ্ন অনুসারে জিজ্ঞাসা করো ও উত্তর দাও।

A : Can you clap your hand? (কান ইউ ক্ল্যাপ ইয়ো(র) হ্যান্ড্?)– তুমি কি হাততালি দিতে পারো?
B : (Claps) Yes, I can. [(ক্ল্যাপস্) ইয়েস্, আই কান্।]– (হাততালি দিয়ে) হ্যাঁ, আমি পারি।

**Ans.**

S1 : Can you stretch up high? (কান ইউ স্ট্রেচ্ আপ্ হাই?)– তুমি কি তোমার হাত উপরে তুলতে পারো?
S2 : Yes, I can. (ইয়েস, আই কান।)– হ্যাঁ, আমি পারি।
S1 : Can you touch your toes? [কান ইউ টাচ্ ইয়ো(র) টো:স্?]– তুমি কি তোমার পায়ের আঙ্গুল স্পর্শ করতে পারো?
S2 : Yes, I can. (ইয়েস্ আই কান।)– হ্যাঁ, আমি পারি।
S3 : Can you turn around? (কান্ ইউ টা:ন্ আরাউন্ড্?)– তুমি কি ঘুরে দাঁড়াতে পারো?
S4 : Yes, I can. (ইয়েস, আই কান।)– হ্যাঁ, আমি পারি।

### Grammar Focus Use of MODAL 'CAN' | Modal Verb 'Can'-এর ব্যবহার

You may request someone to do something using the following structure – তুমি নিচের গঠনটি ব্যবহার করে কাউকে কোনো কিছু করতে অনুরোধ করতে পারো–

- Can you + verb (action word) + .................. + please?

**Examples (উদাহরণসমূহ) :**

- Can you open the door, please? – দয়া করে তুমি কি দরজাটি খুলতে পারো?
- Can you move your seat, please? – দয়া করে তুমি কি তোমার আসনটি সরাতে পারবে?

### পাঠ সহায়ক আলোচনা | Use of Modal Verbs

Modal verb দ্বারা permission (অনুমতি), possibility (সম্ভাবনা), ability (সামর্থ্য) request (অনুরোধ), advice (উপদেশ) ইত্যাদি বোঝায়। যেমন :

Can (সামর্থ্য অর্থে) : I can swim. (আমি সাঁতার কাটতে পারি।)
Should (উপদেশ) : You should obey your parents. (তোমাদের বাবা-মা'কে মান্য করা উচিত।)
Would (ইচ্ছা) : I would like to help you. (আমি তোমাকে সাহায্য করতে করতে চাই।)
Could (অনুরোধ) : Could I use your umbrella? (আমি কি তোমার ছাতা ব্যবহার করতে পারি?)

**Unit-03**
**LESSON-04**

## Following and giving Instructions
(ফলোউইঙ্ আন্ড্ গিভিঙ্ ইন্স্ট্রাক্শন্স্) – নির্দেশনা অনুসরণ এবং প্রদান

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা নির্দেশনা দিতে ও মানতে শিখবে।

**Activity A**-তে শিক্ষক শিক্ষার্থীদের থার্মোমিটার ব্যবহারের ব্যাপারে তাকে অনুসরণ করতে বলবেন। **Activity B**-তে তিনি থার্মোমিটার ব্যবহারের নির্দেশনা শুনতে এবং পড়তে বলবেন। **Activity C**-তে জোড়ায় ভাগ হয়ে অন্য কারও তাপমাত্রা কীভাবে মাপতে হয় তা বলবে। **Activity D**-তে লাইব্রেরিতে কী করা যাবে আর কী যাবে না সে নির্দেশনা শুনে শিক্ষকের সাথে বলতে বলবেন। **Activity E**-তে জোড়ায় সেই নির্দেশনাগুলো গুছিয়ে লিখতে বলবেন।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারব–

- Understanding simple text for specific information (সুনির্দিষ্ট তথ্যের জন্য সাধারণ পাঠ্যাংশ বুঝতে পারা)
- Following instructions for measuring temperature using thermometer (থার্মোমিটার ব্যবহার করে তাপমাত্রা পরিমাপের নির্দেশনা অনুসরণ করা)
- Reading instructions on a school library card (একটি বিদ্যালয় গ্রন্থাগার কার্ডের নির্দেশনাগুলো পড়া)

## VOCABULARY (ভক্যাবিয়্যুলারি)– শব্দভাণ্ডার

| Key Words | Meanings/Synonyms/Opposites | Example Sentence |
|---|---|---|
| **always** (অলওয়েইজ)*adv.* ~সর্বদা | *every time or at all times* SYN **constantly** – সর্বদা | I always like to read stories. (আমি সবসময় গল্পের বই পড়তে পছন্দ করি।) |
| **armpit** (আ:মপিট)*n.*~বগল | *the part of body under the arm* SYN **underarm** – বগল | He has a tumour in his armpit. (তার বগলে একটি টিউমার আছে।) |
| **care** [কেয়া(র)]*n.*~যত্ন | *the process of looking after someone or something* SYN **attention** – মনোযোগ | He takes care fo his parents. (সে তার বাবা-মায়ের যত্ন নেয়।) |
| **damage** (ড্যামিজ)*v.* ~ক্ষতি করা, লোকসান ঘটানো | *to harm or ruin something* SYN **harm** – ক্ষতি করা | The flood damaged the crops. (বন্যা ফসলের ক্ষতি করেছিলো।) |
| **fees** (ফীজ)*n.*~চাঁদা, ফি | *an amount of money that we pay to use or do something* SYN **charges** – দাম/মূল্য/ফি | I have already paid my tution fees. (আমি ইতোমধ্যে আমার টিউশন ফি পরিশোধ করেছি।) |
| **important** (ইম্পোর্টন্ট্)*adj.* ~গুরুত্বপূর্ণ | *necessary or of great value, having great effect or influence* SYN **significant** – গুরুত্বপূর্ণ | I have an important task now. (এখন আমার একটা গুরুত্বপূর্ণ কাজ আছে।) |
| **inside** (ইনসাইড)*prep.* ~ভেতরে | *in or into something* SYN **interior** – ভেতরের | I saw an old man coming inside our building. (আমি একজন বৃদ্ধ লোককে আমাদের ভবনের ভেতরের দিকে আসতে দেখলাম।) |
| **leave** (লীভ)*v.* ~ছেড়ে যাওয়া/ত্যাগ করা | *to go away from place* SYN **depart** – চলে যাওয়া | A true friend never leaves his friend. (একজন সত্যিকারের বন্ধু কখনো তার বন্ধুকে ছেড়ে যায় না।) |
| **level** (লেভেল্)*n.*~স্তর, সমতল | *the height of something* SYN **even** – সমতল | The level of his knowledge is very satisfactory. (তার জ্ঞানের স্তর খুবই সন্তোষজনক।) |
| **library** (লাইব্রেরি)*n.* ~গ্রন্থাগার | *a room or building having books* SYN **archive** – আর্কাইভ | Our school library is very enriched. (আমাদের বিদ্যালয় পাঠাগারটি খুবই সমৃদ্ধ।) |
| **lose** (লূজ)*v.*~হারানো | *be deprived of or cease to have or retain something* SYN **misplace** – হারানো | The man often loses his temper. (লোকটি প্রায়শই তার মেজাজ হারিয়ে ফেলে।) |
| **maximum** (ম্যাক্সিমাম)*adj.* ~সর্বোচ্চ | *the largest amount that is allowed or possible* SYN **highest** – সর্বোচ্চ | I got maximum benefit from the machine. (যন্ত্রটি থেকে আমি সর্বোচ্চ সুবিধা পেয়েছি।) |
| **mercury** (মারকারি)*n.*~পারদ | *a heavy silver-coloured metal that is liquid at normal temperature* | Mercury is a liquid metal. (পারদ একটি তরল ধাতু।) |

| Key Words | Meanings/Synonyms/Opposites | Example Sentence |
|---|---|---|
| **note** (নোট)*n.*~নোট | *words that we write down to help remember something* | My mother left a <u>note</u> for me. (মা আমার জন্য একটি নোট রেখে গিয়েছিলেন।) |
| **pay** (পেই)*v.*~পরিশোধ করা | *to give someone money for the work they do* SYN **compensate** – পরিশোধ করা | Have you <u>paid</u> the exam fees? (তুমি কি পরীক্ষার ফি পরিশোধ করেছো?) |
| **press** (প্রেস)*v.*~চাপ দেওয়া | *to push something firmly* SYN **push** – ধাক্কা দেওয়া | <u>Press</u> the red button to run the machine. (যন্ত্রটি চালানোর জন্য লাল বোতামটিতে চাপ দাও।) |
| **regularly** [রেগুলা(র)লি]*adv.* ~নিয়মিত | *happening or doing something often* SYN **routinely** – নিয়মিত | The boy goes to school <u>regularly</u>. (ছেলেটি নিয়মিত বিদ্যালয়ে যায়।) |
| **remove** (রিমুভ)*v.*~সরানো | *to take something away* SYN **shift** – স্থানান্তর করা | They <u>removed</u> the dirt from the room. (তারা ঘর থেকে ময়লা দূর করলো।) |
| **return** (রিটা:ন্)*v.* ~ফেরত দেওয়া | *to give, send, or put something back where it came from* SYN **give back** – ফেরত দেওয়া | My friend <u>returned</u> me the book on time. (আমার বন্ধু বইটি যথাসময়ে ফিরিয়ে দিলো।) |
| **shake** (শেইক)*v.* ~ঝাঁকি দেওয়া | *to make something move from side to side or up and down* SYN **stir** – নাড়ানো | We <u>shake</u> hands when we meet each other. (একে অপরের সাথে সাক্ষাৎ হলে আমরা হাত মেলাই।) |
